

Parent Dashboard কী?

New York State Education Department (NYSED) স্বচ্ছতা বৃদ্ধি করার জন্য এবং মা-বাবা ও জনগণ যাতে স্কুলের কার্যসম্পাদন সম্পর্কে তথ্য ও স্কুল স্তরের অন্যান্য তথ্য আরও সহজে পেতে পারেন সেই জন্য একটি সংস্থান প্রস্তুত করেছে। এটি হল নিউ ইয়র্কের **ESSA** পরিকল্পনার অংশ।

মতামত

Parent Dashboard প্রস্তুত করার কাজকে পথনির্দেশ দেওয়ার জন্য NYSED মা-বাবা ও অংশীদারদের কাছ থেকে মতামত সংগ্রহ করেছে। মা-বাবা ও জনগণের কাছে সবচেয়ে বেশি উপযোগী হবে এমন তথ্য সনাক্ত করার জন্য NYSED এই মতামতকে ব্যবহার করবে।

নকশা

নিউ ইয়র্কের মা-বাবা ও জনগণের প্রয়োজনগুলিকে আরো ভালভাবে পূরণ করার জন্য Parent Dashboard- এ একটি পরিষ্কার, সহজ ডিজাইন থাকবে।



Every Student Succeeds Act

Every Student Succeeds Act (**ESSA**) হল একটি আইন যা স্টেটগুলি সরকারী স্কুলগুলিকে সাহায্য করার জন্য কীভাবে কেন্দ্রীয় সরকারের অর্থ ব্যবহার করতে পারে তা বর্ণনা করে।

নিউ ইয়র্ক স্টেট একটি ESSA পরিকল্পনা তৈরি করেছিল, যা ইউএস শিক্ষা বিভাগ দ্বারা 2018 এর জানুয়ারীতে অনুমোদিত হয়েছিল। পরিকল্পনাটি সব শিক্ষার্থীর জন্য শিক্ষার ক্ষেত্রে সাম্যের ওপরে জোর দেয় এবং স্কুলের দায়বদ্ধতা ও শিক্ষার্থীর সাফল্যের জন্য পদক্ষেপগুলিকে প্রসারিত করে।

সাম্যকে অগ্রসর করা

মূলগতভাবে, ESSA-র উদ্দেশ্য হল ডিস্ট্রিক্ট ও স্কুলগুলি প্রত্যেক শিক্ষার্থীর সাফল্য সুনিশ্চিত করার লক্ষ্যে কাজ করতে থাকার সময় তাদেরকে সহায়তা প্রদান করার মাধ্যমে শিক্ষামূলক সাম্যের প্রসার ঘটানোর জন্য এক গুচ্ছ কার্যকৌশল সৃষ্টি করা।

নিউ ইয়র্ক স্টেট এটি নিশ্চিত করতে অঙ্গীকারবদ্ধ যে সব শিক্ষার্থী যেন স্কুলে সফল হয় ও ভালো করতে পারে, তা তারা যেই হোক না কেন, তারা যেখানেই থাকুক না কেন, তারা যেখানেই স্কুলে যাক না কেন, অথবা তারা যেখান থেকেই আসুক না কেন।

ESSA সম্পর্কে আরো তথ্য
খুঁজে পান এখানে:
www.nysed.gov/essa